

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৪১(আগরতলা-০৭।০৯)
কাঞ্চনপুর, ০৭ সেপ্টেম্বর, ২০১৯

জম্পুইহিল বি এ সি'র সভা অনুষ্ঠিত

জম্পুইহিল বি এ সি হলে জম্পুইহিল ব্লক উপদেষ্টা কমিটির সভা গতকাল অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বি এ সি'র চেয়ারম্যান বিয়াক চুংনুংগা। সভায় বি ডি ও কিশোর সরকার, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ভিলেজের সচিব ও জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় ব্লক এলাকার এম জি এন রেগা, স্বচ্ছ ভারত মিশন, প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ), বিদ্যুৎ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, কৃষি, উদ্যান ও ভূমি সংরক্ষণ, শিক্ষা, স্বাস্থ্য, মৎস্য, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। সভায় জম্পুইহিল ব্লকের বি ডি ও কিশোর সরকার জানান, ২০১৯-২০ অর্থবছরে এখন পর্যন্ত এম জি এন রেগায় ৭৪ হাজার ৬৩৬টি শ্রমদিবসের কাজ হয়েছে। কৃষি দপ্তরের প্রতিনিধি সভায় জানান, এবছর এম জি এন রেগার মাধ্যমে কৃষি দপ্তরের উদ্যোগে ব্লক এলাকায় ২০ হেক্টরে সুপারি বাগান করা হয়েছে। এতে ৪০ জন কৃষক উপকৃত হয়েছেন। সভায় বিদ্যুৎ, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, পূর্ত, শিক্ষা দপ্তরের প্রতিনিধিগণ স্ব স্ব দপ্তরের গৃহীত উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করেন।
